সীমান্ত পরিদর্শনে এলেন কলকাতায় নিযুক্ত চিনের কনস্যুলেট মাও জুমা

নিজস্ব সংবাদদাতা, বনগাঁ : রবিবার ভারত-বাংলাদেশ সীমান্তে লাগোয়া উত্তর ২৪ পরগনা জেলার সীমান্ত শহর বনগাঁ পরিদর্শনে এলেন কলকাতায় নিযুক্ত গণপ্রজাতন্ত্রী চিনের কনস্যুলেট জেনারেল মাও জুমা। ভারত ও চিনের দুই রাষ্ট্রপ্রধানের বৈঠকের পর এদিন চিনের কনস্যুলেট জেনারেলের উত্তর ২৪ পরগনা জেলার সীমান্ত পরিদর্শন নিঃসন্দেহে তাৎপর্যের বলে মনে করছেন প্রশাসনিক কর্তারা।

তবে এদিন বনগাঁ সফরে এসে চিনের কনস্যুলেট জেনারেল জানান, তিনি নিতান্তই ব্যাক্তিগত সফরে বনগাঁ এসেছেন। তবে মূলত ভারত-বাংলাদেশের সীমান্ত এলাকার জিরো পয়েন্টে ভারত ও বাংলাদেশের সেনা জওয়ানদের বিট্টিট দেখাটাই তাঁর বনগাঁ সফরের মূল উদ্দেশ্য। এদিন মাও জুমা পরিদর্শন করেছেন প্রখ্যাত কথা সাহিত্যিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের বাড়ি, নাট্যকার দীনবন্ধু মিত্রের নীল দর্পণের নীল কুঠি সহ বনগাঁর ঐতিহ্যবাহী বিভিন্ন স্থান।

এদিন মাও জুমা-র সঙ্গে সীমান্ত শহরে সফরে আসেন আরও ছয়জন প্রতিনিধি। রবিবার সকালে চিনের কনস্যুলেট জেনারেল প্রথমে বনগাঁ শহরের ঐতিহ্যবাহী ও ইতিহাস প্রসিদ্ধ স্থানগুলি পরিদর্শন করেন। এরপর তিনি পারমাদন উদ্যান দেখে পৌঁছান ভারত-বাংলাদেশ সীমান্তে।

সীমান্ত এসে তিনি ভারত-বাংলাদেশ সীমান্ত রক্ষী বাহিনীর মহড়া দেখেন। সীমান্তের জিরো পয়েন্টে তিনি প্রায় মিনিট পনেরো ছিলেন। মাও জুমা বলেন, বনগাঁ শহর একটি ইতিহাস প্রসিদ্ধ শহর।

বিট্টিশ শাসনের সময় নাট্যকার দীনবন্ধু মিত্রের নীল দর্পণের নীল কুঠির উল্লেখ করার পাশাপাশি ভারত ও বাংলাদেশের মধ্যে আন্তর্জাতিক বাণিজ্যের অন্যতম প্রধান করিডোর এই পেট্রাপোল সীমান্ত বলেও তিনি উল্লেখ করেন।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

3		2		9	6	7		
		6		5	4	1	9	
9	2		4	6			7	
	4			3	2		8	5
	5	8	3	2		4		
		1	9	4		5		8

গতকালের সমাধান

5	9	3	8	7	2	1	4	6
2	7	4	6	3	1	8	9	5
8	6	1	5	9	4	7	3	2
4	3	7	1	5	9	2	6	8
9	5	6	3	2	8	4	1	7
1	8	2	4	6	7	9	5	3
6	1	9	7	8	3	5	2	4
7	2	5	9	4	6	3	8	1
3	4	8	2	1	5	6	7	9

আবহাওয়া

পূর্বাভাস: সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৩ ডিগ্রি ও ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৩ ডিগ্রি ও ২০ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৬২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৮, **সূর্যাস্ত:** **জোয়ার:** সকাল ৮:৪৫। **ভাঁটা:** বিকেল ৩:২০।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,৭৩০
গহনা সোনা (১০ গ্রাম):	৩০,১০৫
হলমার্কগহনা:	৩০,৫৫৫
(২২ ক্যারেট ১০ গ্রাম):	
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,৬০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,৭০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	64.0468
INR / 1 Euro	:	76.1516
INR / 100 Jap. YEN	:	58.5100
INR /1 Pound Sterling	:	82.9662

শেয়ার সূচক

BSE 31,702.25▲ (-189.98)
NIFTY 9,912.85▲ (-61.55)

শব্দলিপি- ১১৭৯



শেফালী রানা

পাশাপাশি: ১। আসলের বদলে ৪। বাথান ৬। অন্তঃপুর ৭। রবিবার ৯। চারকলা ১১। হরফ ১৩। আসল নয় ১৪। পথের রাজা

উপরনীচে: ২। ব্যাঁচির ৩। একবারেরো কারক ৪। "— নয় সালো বাজায়" ৫। নগরপাল ৬। শয়নীয়া দেবীর বোনের ৮। মনস্কাম ১০। আসাইচুর খাজনা ১২। গাছ

সমাধান : শব্দলিপি - ১১৭৮

পাশাপাশি: ১। পরাবার ৪। অবিধি ৬। হরাশন ৮। ওজনদার ১০। নবাবগঞ্জ ১২। লালটিপি ১৪। বামনা ১৫। অনল

উপরনীচে: ১। পরাহতাবস্থায় ২। বাঁচিনল ৩। নিবাশ ৫। দুরুহর ৭। নরকবর্ণন ৯। শনবর্ম ১১। শর্টিশান ১৩। লাটিম

গাঁজা ও সোনা পাচারকারীদের কাছে স্বর্গরাজ্য হাওড়া স্টেশন

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : গাঁজা এবং সোনা পাচারকারীদের স্বর্গরাজ্য হয়ে উঠেছে হাওড়া স্টেশন। অবৈধভাবে তা পাচারের অভিযোগে প্রায়ই হাওড়া স্টেশন থেকে কোনও সময় উদ্ধার হচ্ছে সোনা, কখনও বা গাঁজা। বারেবারে হাওড়া স্টেশন থেকে মাদকদ্রব্য এবং বেআইনি সোনা উদ্ধার হাওয়ায় চিন্তিত রেল প্রশাসন। অবৈধ উপায়ে গাঁজা ও সোনা পাচারের অভিযোগে কয়েকজনকে গ্রেফতার করেছে রেল পুলিশ।

কিন্তু এখনও এই ধরনের অবৈধ কাজ বন্ধ তো হয়নি, উপরন্তু বেড়েই চলেছে। কিছুদিন আগে হাওড়া স্টেশন থেকে উদ্ধার হয় সেই অবৈধভাবে পাচার হতে চলা সোনা। এই ঘটনায় রেল পুলিশ গ্রেফতার করে এক ব্যক্তিকে। এর পাশাপাশি বেশ কয়েকজন গাঁজা পাচারকারীকেও গ্রেফতার করেছে পুলিশ। কোথা থেকে আসছে এই গাঁজা?

রেল পুলিশের আধিকারিক সূত্রে জানা গিয়েছে, হাওড়া স্টেশনে মূলত ভারতের উত্তর পূর্বাঞ্চল এবং ওড়িশা থেকে এই গাঁজা হাওড়া স্টেশনে আসে। ওড়িশা থেকে এই মাদক দ্রব্য আসে হাওড়ার নিউ কমপ্লেক্সে। অপরদিকে গৌহাটি থেকে আসা এই মাদকদ্রব্য আজিমগঞ্জ থেকে কাটোয়ার মধ্যে বিভিন্ন স্টেশনে নেমে যায়। সেখানে থেকে রোড ধরে বাহকরা। বাকি কনসাইনমেন্ট আসে হাওড়া স্টেশনে। কিছু ধরা পড় লেও বেশিরভাগ সময় ধরা পড়ে না বলে রেল পুলিশের পক্ষ থেকে স্বীকার করা হয়েছে।

এই ধরনের ঘটনা বারেবারে ঘটায় হাওড়া স্টেশনের নিরাপত্তা নিয়ে উঠেছে প্রশ্ন চিহ্ন। যে স্টেশন দিয়ে প্রায় ১০ লক্ষ যাত্রী যাতায়াত করে সেখানে নিরাপত্তা ব্যবস্থা খারাপর বলে স্বীকার করা হয়েছে রেলের পক্ষ থেকে।

কিছুদিন আগে হাওড়া স্টেশনে সোনা উদ্ধারের বিষয়ে পূর্ব রেলের ডিআরএম মনু গোয়েল জানিয়েছেন, বিষয়টি তিনি সংশ্লিষ্ট দফতরে জানিয়েছেন। তারাই বিষয়টি দেখছেন।

তিনি আরও জানিয়েছেন, হাওড়া স্টেশনের নিরাপত্তার জন্য বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। তার মধ্যে অন্যতম ইনট্রিগেটেড সিকিউরিটি সিস্টেম বা আইএসএস ব্যবস্থা। এই ব্যবস্থা গ্রহণের ফলে অপরাধীদের চিহ্নিত এবং ধরা সম্ভব হবে।

চার থেকে ছয় মাসের মধ্যে এই কাজ শেষ হবে। এখন দেখার বিষয়, কবে হবে এই কাজ।

গোসাবায় তৃণমূল কর্মীদের উপর হামলা, গ্রেফতার ৭ বিজেপি কর্মী

নিজস্ব সংবাদদাতা, গোসাবা : তৃণমূল কর্মীদের উপর হামলা চালানোর অভিযোগ উঠল বিজেপির বিরুদ্ধে। এই ঘটনায় তৃণমূল কংগ্রেসের অন্তত ১০ জন আহত হন। তাঁদের ছোট মোল্লাখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভরতি করা হয়। এখনও পর্যন্ত এই ঘটনায় সাত বিজেপি কর্মীকে গ্রেফতার করা হয়েছে। ঘটনাটি দক্ষিণ ২৪ পরগনার গোসাবার আমতলি গ্রাম পঞ্চায়েত পুঁইজালি গ্রামের।

শনিবার রাতে আমতলির পঞ্চায়েত প্রধান তথা তৃণমূল নেতা বিশ্বজিৎ সর্দার ও উপপ্রধান সমীর মণ্ডল একটি সভার আয়োজন করেন। তৃণমূল কর্মীরা তাঁদের উপর হামলা চালায়। প্রায় ১০ জন তৃণমূল কর্মী আহত হন। দু'জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁদের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে স্থানান্তরিত করা হয় ক্যানিং মহকুমা হাসপাতালে।

এই ঘটনায় এখন পর্যন্ত সাতজন বিজেপি কর্মীকে গ্রেফতার করেছে সুন্দরবন কোস্টাল থানার পুলিশ। ধৃতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। উত্তেজনা থাকায় এলাকায় পুলিশ পিকেট বসানো হয়েছে।

বুদ্ধ পূর্ণিমায়গৌতম বুদ্ধের ২৬৫ তম জন্মদিন উপলক্ষে মহাবোধি সোসাইটিতে ভক্তদের শ্রদ্ধা নিবেদন।

হাওড়ায় দুঃস্থদের ওষুধ বিতরণ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : রবিবার সকাল ১১টা থেকে ১টা পর্যন্ত হাওড়া ও কলকাতা ফেস্টিভ্যাল আয়োজিত মেডিক্যাল ক্যাম্পে এবারের সহযোগিতায় ছিল হাওড়া কল্যাণ পল্লি সার্বজনীন দুর্গোৎসব। তাদের ইয়ুথ ক্লাবের এলাকাতে বাড়ির অতিরিক্ত ওষুধ নষ্ট না করে সেটি দুঃস্থদের উদ্দেশে দান করার প্রয়াস হল হাওড়ায়। এইবার এই ক্লাব মেডিসিন বাক্স নিয়ে ওষুধ নষ্ট না করেদুঃস্থ মানুষদের সাহায্যে দান করে। পাশাপাশি এই উদ্যোগ যাতে সব শ্রেণির লোক নেয় তার জন্য তাঁরা সবাইকে উদ্বুদ্ধ ও অনুপ্রেরণা করে। গর্বিত এই ব্যতিক্রমী পরিষেবা পেয়ে খুব খুশি।

দক্ষিণেশ্বরে স্কাইওয়াকের কাজ চলাকালীন উল্টে গেল বুলডোজার

নিজস্ব সংবাদদাতা, বেলঘরিয়া : দক্ষিণেশ্বরমন্দিরচত্বরেস্কাইওয়াকের কাজ চলাকালীন বিপত্তি। কর্মীদের অসতর্কতায়রিকশারউপরউল্টেযায় একটি বুলডোজার। শনিবার রাত ১১টানাগাদ ঘটনাটিঘটে।

ঘটনার পরই নির্মীয়মাণ স্কাইওয়াক কর্মীদের সঙ্গে গন্ডগোল শুরু হয় স্থানীয়দের। উভয়বাক্যবিনিময়হয় দু'পক্ষের। খবর পেয়ে ঘটনাস্থলে আসে বেলঘরিয়া থানার পুলিশ। স্থানীয়দের অভিযোগ, অধিকাংশ স্কাইওয়াক কর্মী রাতে মদ্যপান করে কাজ করে। যার জেরে এই দুর্ঘটনা ঘটেছে। ঘটনাস্থলে লোকজন বেশি থাকলে আরও বড় দুর্ঘটনা ঘটতে পারত।

প্রচার সেরে ফেরার পথে আক্রান্ত তৃণমূল, অভিযুক্ত সিপিএম

নিজস্ব সংবাদদাতা, দেগঙ্গা : পঞ্চায়েত ভোটের প্রচার সেরে ফেরার পথে তৃণমূল সমর্থকদের মারধর করার অভিযোগ উঠল সিপিএম সমর্থকদের বিরুদ্ধে। এই ঘটনায় সজীব মণ্ডল ও আসিফ আনসারি নামে দু'জন তৃণমূল সমর্থক গুরুতর আহত হন। তাঁদের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। ঘটনাটি উত্তর ২৪ পরগনার দেগঙ্গা থানার সোহাই-শ্বেতপুর গ্রাম পঞ্চায়েত দৈবজ্ঞপোলের। পাঁচজনের নামে দেগঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। দৈবজ্ঞপোল গ্রামসভায় তৃণমূল প্রার্থী নাজিমা বিবির হয়ে শনিবার প্রচারে গিয়েছিলেন দলীয় সমর্থকরা। প্রচার সেরে রাতের দিকে নাজিমা বিবিকে নিয়ে বাড়ি ফিরছিলেন তাঁরা। অভিযোগ, রাস্তায় হোদের পুকুরের কাছে প্রায় ৩৫ জন সিপিএম সমর্থক বাঁশ, লাঠি ও রড নিয়ে তৃণমূল কর্মী ও সমর্থকের উপর চড়াও হয়। নাজিমা বিবিকে নিয়ে দলের বাকিরা পালিয়ে যেতে সক্ষম হয়। কিন্তু পালাতে পারেননি সজীব ও আসিফ। তাঁদের উদ্ধার করে স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। খবর পেয়ে দেগঙ্গা থানার পুলিশ ঘটনাস্থলে যায়। পাঁচজন সিপিএম সমর্থকের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। এখনও পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।

বিজেপি প্রার্থীকে না পেয়ে অন্তঃসত্ত্বা জাকে মারধর দুষ্কৃতীদের

নিজস্ব সংবাদদাতা, শান্তিপুর : প্রার্থীকে বাড়িতে না পেয়ে তাঁর জা ও শাশুড়িকে মারধরের অভিযোগ উঠল দুষ্কৃতীদের বিরুদ্ধে। ঘটনাটি নদিয়ার শান্তিপুরের ঘোড়ালিয়া জোলপাড়া এলাকায়। শান্তিপুর থানার অভিযোগ দায়ের হয়েছে। শান্তিপুরের বেলঘরিয়া ২ নম্বর গ্রাম পঞ্চায়েতে বিজেপির হয়ে মনোনয়ন জমা দিয়েছিলেন উজ্জ্বলা বিশ্বাস। অভিযোগ, মনোনয়ন তোলার জন্য তাঁকে চাপ দিচ্ছিল একদল দুষ্কৃতী। আতঙ্কে এলাকাছাড়া ছিলেন তিনি। শনিবার রাতে উজ্জ্বলাদেবীকে বাড়িতে না পেয়ে তাঁর অন্তঃসত্ত্বা জা ও শাশুড়িকে মারধর করা হয় বলে অভিযোগ। পাশাপাশি, বাড়ি ভাঙচুর করে লুটপাটও করা হয়।

উজ্জ্বলাদেবী বলেন, জাকে মারার পর তাঁর রক্তপাত হতে থাকে। তাঁকে শান্তিপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু করে শান্তিপুর থানার পুলিশ।

লরির ধাক্কা বাইকে

নিজস্ব সংবাদদাতা, রানাঘাট : রানাঘাটের দয়াবাড়ির কাছে বাইকে ধাক্কা লরির। ঘটনাস্থলেই মৃত্যু দম্পতির। আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি ৪ বছরের ছেলে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, সকাল ৯টা নাগাদ বেগোপাড়ার বাসিন্দা রাজেশ মণ্ডল বাইকে স্ত্রী-ছেলেকে নিয়ে রানাঘাটের দিকে যাওয়ার সময় ৩৪ নম্বর জাতীয় সড়কে দুর্ঘটনাটি ঘটে। ঘাতক লরিটিকে আটক করেছে পুলিশ।

চালক ও খালাসি পলাতক। দুর্ঘটনার জেরে রানাঘাটে ৩৪ নম্বর জাতীয় সড়কে বেশ কিছুক্ষণ যানজটের সৃষ্টি হয়।

আধুনিক যুগে হচ্ছে ১২৬ বছরের ঐতিহ্যবাহী হরিসভা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হারমনিয়াম থামালে চলবে না। গাইতে হবে হরিনামও। তা একদিন, দুদিন নয়, টানা তিন-চারদিন। অনবরত বাজবে খঞ্জনি, হারমনিমায়ও চলবে হরিনাম, টানা ও তিন-চারদিন, বিষয়টি ১৮ শতকের নয়, ২০১৮ সালে এই ফেসবুক, হোয়াটসঅ্যাপ যুগেতেও হাওড়ার জগাছার ধাড়সা হরিসভা তলায় এই কদিন এই না থামার হরিনামই হয়ে গেল। এই রীতিনীতি চলে আসছে ১২৬ বছর ধরে।

তখনও মানুষ ভক্তি সহকারে এখানে এসে হরিনাম শুনছে। পাড়ার কান্টু, পল্টু, বিটুর দল মাখছে শ্রীকৃষ্ণের মূর্তির পদতল স্পর্শ কাদামাটি, অনেকেই রাত জেগে শুনছেন পালাগান। ভক্তরা নিচ্ছেন মালসাভোগ। সেই ১২৬ বছর আগে শুরু হয়েছিল হাওড়ার জগাছার ধাড়সা হরিসভাতলা পুজো কমিটি। শম্ভু, ভোলা, নাড়ুরা বাচ্চ বেলা থেকে দায়িত্ব নিয়ে এই পুজো পরিচালনা করে আসছে। এখন তাঁদের মাথার চুল পেকেছে, কিন্তু বদলায়নি এই পুজোর বৈচিত্র। তাঁরা জানান, পূর্বপুরুষদের দেখানো পথ তাঁরা অনুসরণ করছেন। সংগঠনের নবীন সদস্য অতনুবাবু জানান, চারদিন টানা হরিনাম হয়। হয় বাতাসা বিতরণ, মালসা ভোগ, শ্রীকৃষ্ণের পুজো, কাদামাটি খেলা, ও রাতে পালাগান, রবিবার অন্নকূট উৎসবের মধ্যে দিয়ে শেষ হল এই হরিসভা বলে অতনুবাবু জানান।

রাজনৈতিক অসৌজন্যতার নজির উলুবেড়িয়ার সাবসিটে

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : রবিবার বাগনান ১নম্বর পঞ্চায়েত সমিতির সাবসিট গ্রাম পঞ্চায়েতের ব্রাহ্মণ গ্রামে নির্বাচনী প্রচারে বের হন জেলা পরিষদের প্রার্থী রমেশ পাল। সেখানে পঞ্চায়েত সমিতির প্রার্থী সুজাতা মাইতি ও গ্রামসভার প্রার্থী সাবানা বেগম। এই তৃণমূল প্রার্থীদের সঙ্গে সঙ্গে ছিলেন রাজ্য সম্পাদক মণ্ডলীর সদস্য অশোক ভট্টাচার্য।

বৈশাখের রোদে পায়ে হেঁটে বাড়ি বাড়ি প্রচারের ফাঁকে বিরোধী প্রার্থীর স্বামী জাইদুল ইসলামের বাড়ির সামনে এসে কর্মীদের বলে ওঠেন, দাঁড়া জাইদুলের বাড়িতে একটু জল খেয়ে আসি।

পিছনে এক তৃণমূল কর্মী রমেশবাবুকে বলেন ওর স্ত্রী কংগ্রেসের প্রার্থী। তবুও রমেশবাবু অন্য দুই প্রার্থীকে নিয়ে জাইদুলের বাড়িতে গেলেন। প্রায় মিনিট পাঁচেক দাঁড়ানোর পর এক কিশোর বলেন ঘরে মা নেই বাবা বাথরুমে। তখন রমেশবাবু বলেন একটু জল খাবো।

কিন্তু কিশোরটি তখন ইতস্তত বোধ করে। বিষয়টি রমেশবাবু বুঝতে পেরে তার বাড়ি থেকে চলে এসে কলে জল খান। রমেশবাবু জানান, জীবনে এমন অভিজ্ঞতা দেখেছেন। সৌজন্যতা মুখ্যমন্ত্রীর কাজ থেকে শিখতে হবে। তবে জাইদুল ইসলাম বলেছেন। তাঁর পেট খারাপ হয়েছে বলে সে নিচে নামতে পারেনি।

হাওড়ায় আক্রান্ত বিজেপি প্রার্থী, অভিযুক্ত তৃণমূল

নিজস্ব সংবাদদাতা, উলুবেড়িয়া : বিজেপি প্রার্থীকে মারধরের অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। ঘটনাটি উলুবেড়িয়ার আমতা অঞ্চলের। আক্রান্ত কার্তিক সিংকে আমতা গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

উলুবেড়িয়া উত্তর বিধানসভা কেন্দ্রের আমতা গ্রাম পঞ্চায়েতের ৭২ নম্বর বুথের বিজেপি প্রার্থী কার্তিক সিং। অভিযোগ, শনিবার বৈঠক সেরে ফেরার পথে তাঁর পথ আটকায় ১০ থেকে ১২ জন তৃণমূল কর্মী। মারধর করা হয়। কেড়ে নেওয়া হয় মোবাইল। দৌড়ে অন্য পাড়ায় গিয়ে আশ্রয় নেন তিনি।

এরপর এলাকার বিজেপি নেতা-কর্মীরা তাঁকে উদ্ধার করে আমতা গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। আমতা থানায় অভিযোগ দায়ের হয়েছে।